

উপজেলাপরিষদ ,কটিয়াদী, কিশোরগঞ্জ এর মৎস্য বিভাগীয় স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকটিয়াদী ,কিশোরগঞ্জ  
 সভারস্থান : সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের দপ্তর, কটিয়াদী ,কিশোরগঞ্জ  
 সভারতারিখ : ২৯/১২/২০২১ সময়: বিকাল ৩:০০ ঘটিকা

সভায় উপস্থিতির স্বাক্ষর:-

ক্র. নং	নাম	পদবী	স্বাক্ষর
১	রোকসানা	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ	স্বাক্ষরিত
২	রোজাউলকরিম শিকদার	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ	স্বাক্ষরিত
৩	ডা. মোহাম্মদ উসমান গনি	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কটিয়াদী, কিশোরগঞ্জ	স্বাক্ষরিত
৪	মুহাম্মদ দেলোয়ার হোসাইন	সিনি. উপজেলা মৎস্যঅফিসার, কটিয়াদী, কিশোরগঞ্জ	স্বাক্ষরিত

সভার আলোচ্য সূচী:


- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। মৎস্যবিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা।
- ৩। মৎস্যচাষীদের প্রশিক্ষণ সংক্রান্ত স্কীম প্রণয়ন।
- ৪। বিবিধ।

মৎস্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব রোকসানা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ মহোদয়ের এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	আলোচ্য সূচী-১ মোতাবেক সভার প্রথমেই কমিটির সদস্যসচিব সিনিয়র উপজেলা মৎস্যকর্মকর্তা,কটিয়াদী কিশোরগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠকরে শুনান।	সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্য বিবরণী অনুমোদিত হয়	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কটিয়াদী,কিশোরগঞ্জ।
২	আলোচ্য সূচী-২ অনুযায়ী সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, জনবল অপ্রতুল থাকা সত্ত্বেও কোভিড-১৯ মোকাবেলায় উপজেলা মৎস্য বিভাগ নিরলস সেবাদিয়ে যাচ্ছে। বিভাগীয় রুটিন কার্যক্রমের পাশাপাশি এনএটিপি-২ এবং ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	সভায় কার্যক্রম নিয়ে সন্তুষ্টি প্রকাশ করা হয় এবং কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	ঐ
৩	আলোচ্য সূচী-৩ অনুযায়ী সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, বিভিন্ন মৎস্য খামারে পোল্ট্রি শেড তৈরি করে মাছের চাষ করা হচ্ছে, যা মানসম্মত নয়। ইহাতে পরিবেশ দূষণের পাশাপাশি মাছের গুণগত মান নষ্ট হচ্ছে,মানুষের স্বাস্থ্য ঝুঁকি বাড়ছে। চাষীদেরকে মানসম্মত উপায়ে মাছ চাষে উদ্বুদ্ধকরণ ও সামাজিক সচেতনতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান প্রয়োজন। উপজেলা পরিষদে রঅর্থায়নে“পরিবেশবান্ধব উত্তম মাছচাষব্যবস্থাপনা”বিষয়ক প্রশিক্ষণ প্রস্তাবনার বিষয়ে আলোচনা করা হয়। সভায় ২৫০ জন চাষীকে প্রশিক্ষণের নিমিত্তি একটি স্কীম উপস্থাপন করা হয়। স্কীমটির প্রাক্কলিত ব্যয় ২০৩০০০/-	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং তা সময়োপযোগী হওয়ায় সভায় অনুমোদিত হয়। প্রাক্কলনসহ প্রশিক্ষণ পরিকল্পনা তৈরি পূর্বক প্রশিক্ষণ খাতে বরাদ্দের চাহিদা উপজেলা পরিষদের সভায় উপস্থাপন এর সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট ইউপিচেয়ারম্যান , মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কীয় স্থায়ী কমিটি ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসার।

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	বিবিধ আলোচনায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, আগামী ৩০ জুন পর্যন্ত জাটকা ইলিশ আহরণ, পরিবহন, বিক্রি ও মজুদ নিষিদ্ধ। পাশাপাশি পিরানহা মাছ, আফ্রিকান, মাগুর, সাকার মাউথ ফিস চাষ ও বিক্রি সম্পূর্ণ নিষিদ্ধ। পটকা মাছ বিষাক্ত, এইমাছ খেলে মানুষের মৃত্যু হতে পারে। এসকল বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	বিষয় গুলোর প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়। জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।	উপজেলা মৎস্য বিভাগ ও উপজেলা প্রশাসন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



রোকসানা

সভাপতি

মৎস্য বিভাগীয় স্ট্যান্ডিং কমিটিও

মহিলা ভাইস চেয়ারম্যান,


উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।

স্মারকনং: ৩৩.০২.৪৮৪৫.৫০১.১৮.০০১.১৯.১৩৭(৪)

২৯/১২/২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৩। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৪। অফিসকপি।



মুহাম্মদ দেলোয়ার হোসাইন

সদস্যসচিব,

মৎস্য বিভাগীয় স্ট্যান্ডিং কমিটি

ও

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

কটিয়াদী, কিশোরগঞ্জ।